as he had been apprehensive of the class character of most of his associates despite repeated directives from the provincial and Central Party Headquarters. Even in the Manipur Assembly elections held in 1948 the communist contested the elections as Krishak Sabha candidates with "Yum" (House) as their symbol. The Jananeta was elected from Utlou Constituency which then comprised Kangmong, Awang Jiri, Kha-Jiri and some other adjoining villages also. Around this time there was a move mooted by congressmen in Silchar and Tripura to carve out a new province called Purbanchal Pradesh comprising Manipur, Tripura, Lushai Hills, Karbi-Anglong and Silchar with headquarters at Silchar. Congressmen and their party in Manipur supported the proposal while the socialists expressed their desire to keep Manipur as a district of Assam. It was only the Jananeta who along with the parties under his leadership opposed the move. A protest meeting was organised at the MDU Hall, Police Lane, on 21 September 1948. Peasants from the Imphal East villages of Pungdongbam, Sekta, Napet, Nongda, etc. were coming in a procession all the way from their villages only to be stopped by the police at Napet Palli and in the melee that ensued, a police officer got killed and the resultant oppression meted out to these villages need little expatiation and the meeting was eventually abandoned. The Jananeta realised that he and his associates would be victimised and accordingly they went underground from that fateful day.

Immediately after the Pungdongbam episode, the Jananeta addressed a Post Card to me written in Manipuri which when translated would stand thus, "Sons, this year the harvest is not expected to be good and you

need not therefore come to help me. Complete your study this year and we will see what can be done next year. Your uncle Chandra Singh" or words to that effect. The Post Card was meaningful and we discussed the problem amongst ourselves and we shifted to the YMCA Hostel, at Kesav Chandra Sen Street. I from Eden Hindu Hostel, Presidency College, K. Haridas and late Thokchom Bira from St. Paul's College Hostel, Kaushini Sharma from Duff Hostel, Scottish Church College, as far as I remember.

By June 1949 all the student activists from Calcutta were back home. Under instructions from the Jananeta, the All Manipur Youth League was formed in Nov. 1949 with me as the founder Secretary General to draw in all non-student and ex-student youths and this paid dividends in the very near future as most of the educated youths joined the underground communist party. It must be remembered that all organisations having the least connection with the Jananeta were virtually banned and though drastic, this had positive effects in organising underground movement including the establishment of the Red Guards, the armed wing of the communist party in Manipur. The Red Guards were primarily not meant for frontal attacks, they were for safeguarding the rural poor and the peasantry from attacks of the feudal set-up.

This write-up should not be construed to be a biographical sketch of the Jananeta. He was the embodiment of a multifaceted personality and I would like to quote what late Shri Keisam Kunjabihari Singh, a pioneer journalist in his own rights and who could not be said to have been a co-traveller of the communists and for that matter, communism at any stage, said in course of his speech delivered

in connection with the birth anniversary of the Jananeta in the following, amongst other words or words to that effect, ".....the Jananeta was a unique leader of composite personality and he was just an ocean. To discuss any aspect of his life would only amount to throwing a small earthen ball into that ocean."

So many aspects of the life and activities of the Jananeta can be discussed at length but that is beyond the purview of this small writeup, which picked only a few episodes that are likely to evoke the attention of the readers. As a matter of fact, the Jananeta remains an eternal symbol of complete dedication to the cause of the country and people. He was in reality a "Beiragya" who abandoned, nay, disowned all "Beibhabs", "Raganurag", which he had. The title "Jananeta" was actually conferred posthumously (?) by parties and people of other states of India; so was his other title "Krishak bandhu"

His views about the state and government was simple yet clear. He was the first leader in Manipur to have demanded a federal structure for Manipur with greater autonomy coupled with the demand for the right of self determination and full responsible government. He was the pioneer and propounder of the theory of forging United Front of many parties on common issues and its practical application to changing problems and circumstances.

Like Karl Marx, Jananeta labored was the most culminated person during his life time and he too left no personal enemies when he died.

Let the message of dedication practised by the Jananeta spread far and wide and arouse the slumbering masses into action in the service of the motherland. □

THE SENTINEL OF THE FRONTIER

(Dedicated to Irabat)

Hemango Biswas

You are the sentinel on the eastern frontier of India
luminous beautiful torch;
who has erased

the magnificent tilak¹ mark on your forehead?

And your large auspicious cheek-bone

fetter'd by strong irons

whom does it challenge yet?

Long ago I saw you one day

your wondrous eyes of an artiste

on a Spring full-moon day

at the centre of a sacred mandap²

your movements of the body

and the hands in chali³ of the Raas⁴

to the rhythm of the poong⁵

khitta dhenta khit ten ta⁶

and the soft notes of the manjira⁷

vibrating like the rising waves of the Loktak⁸

I saw once also

the border of phanek⁹

embroider'd so skilfully by your hands like cobweb

on the loom at the verandah

in the rhythm of the shuttle

the wondrous magic patterns.

And sometimes at noon

on the vast beautiful golden fields

the sickle in your hands dazzles,

sounds of reaping the new rice crops

are heard with those of the bangles.

On the road heard I suddenly standing

on the banks of the Imphal river in the afternoon

the sweet strains of Ingellei¹⁰:

Ingellei of the hills

without tarrying a while

even before blossoming in beauty

you wither away in vain?

Ingellei answers-

What's my fault

I wither as the boisterous ferocious wind blows.

The wind retorts again-

And what's my blemish

the flower is so tender

it falls even before a touch.

The music lingers

fascinating like the wondrous notes of the crickets in the

thickets

Thus I discover'd you

in dance, in works

tenderness, freshness, beautiful smile

like the bewitching spirit of a rhythmic artiste.

But today I see a new wonder again

you blazing like the spear

against the sun-beams emanating on the eastern hills

irresistible untamable.

Like the ferocious tigress

with her two eyes burning like torches in the darkness of the forest

mad in protecting her new-born babe

are you preparing steps to jump out?

Whose bayonets have dug out

your soft green fields?

Under whose stamping boots

is your Ingellei wailing?

who has hand-cuffed

the delicate wrists of Khubak-eeshei¹¹?

who has stopped the sweet notes of your manjira¹²

Have you forgotten the dance movements of Chitrangada?¹³

You will never forget that day

when flocks of artificial hawks

swooping down from the sky

snatched away the domestic doves.

From the forests all around

herds of hungry jackals

with tongues hanging and salivating

rushed out and ganged up.

You were the first to witness in India

the sour blood of the World War.

It was you too who had acquainted with

the Buddha of Nippon of Asia.

You had witnessed
how the naked hated lecherous white soldiers
outraged the virgins of the dance palas¹⁴
like the stiff'd fawn
bearing the fatal evil of the icy-cold pythons.
You had seen bundles of currency notes
smelt of liquor thrown by them on the mandap
the dance of multi-colour'd lanterns;
you had witnessed the waves of the Loktak
breaking repeatedly against the hills broken-hearted at
these.

Leaving behind the ravaged villagers
you sought refuge in the dark caves
of the ancient mountains
for your dear injur'd body.

You know they were kept
like skeletons buried in the graves
you cannot forget it.

You were a peace-loving Vaishnava
but today you have become an unforgiving sentinel.
You are Thoibi¹⁵ the eternal lover of the epic
who saved her below'd

from the feet of the ferocious elephant,
It's not the time for hunting searching for death
nor is it of tandaba¹⁶ dance of destruction;
taming the wild elephants of the jungles
from the magnificent golden fields
you must stay blocking the mountain roads;
embracing the burning hearts of kin korea
stand like an impregnable wall
on the waves of Eeyalu Shan river;
remain standing like a burning torch
on the path of the thick and dangerous forest;
stand like the sun rising on the hills
before the down-trodden concerned for their huts;

spread your voice pervading the air
in the strain of the crickets of the forests
and the Ingenlei on the highlands
and lull the eyes of the babes
rocking on their mothers'laps.

You are the doe of the forest
spread the sweet odour of kasturi¹⁷
piercing through the air

made unwholesome by gun-powder.
Let the domestic doves fly in the sky again
embracing lovingly this land
annihilated by the eagles and the hawks.

Let the rhythmic waves of the poong rise
in the movements of Lai Haraoba¹⁸
put a stop to the war-drums of destruction;
let the rhythms of that dance
echo in the channels of the Brahmaputra
and flow down endlessly like waterfalls;
let that music and syllables of the poong
merging with the pepa¹⁹ of Bihu²⁰
transmute into a united tune
of life
of reconstruction
dream
and peace.

(Translated by L. Damodar Singh from the Manipuri of L. Somorendra Singh who rendered it from the Bangali original of late Hemango Biswas entitled Simanta Prahari, the title-poem of the latter's collection of poems dedicated to Jananeta Hijam Irabat Singh. The Manipuri was published in the journal Mingshel, no. 34/35, 1990. Courtesy, the editor, Kayamuddin Pukhrimayum.)

1. Sacred mark of the Hindus painted on the forehead. 2. A square-shaped roofed hall where ritual and religious performances are held. 3. A dance movement. 4. Manipuri classical dance. 5. Manipuri drum, mridanga. 6. Syllabuls of the Manipuri drum. 7. Cymbals. 8. A fresh-water lake in Manipur, largest in the north-eastern India. 9. National garment of Manipuri ladies worn sarong-like tucked round the waist. 10. A kind of flower. 11. A kind of Manipuri musical performance with clapping. 12. Cymbals. 13. Manipuri princess said to have been married to Arjuna of the Pandavas. 14. Group of performers. 15. Princess of the Moirang principality of Manipur. Her love for Khamba and subsequent union is celebrated in the Manipuri epic Khamba-Thoibi. 16. Vigorous dance as opposed to lasya, soft and tender one. 17. Musk. 18. Prime ritual festival of the Meiteis celebrated normally in April-May for pleasing the gods. 19. A musical instrument of Assam made out of horn. 20. The most important traditional festival of Assam.

LAND OF LOTUS-EATERS

None knows what dream they might be dreaming
in the land of the lotus-eaters.

If they had a dream at all

O how could I say even of it!

Might the children be shouting in unison

"Arise O sunshine

Depart O shadow!"

Could the sunshine be adding in fear

"Fascists do not come

there's no cause for fear

arise O sunshine!"

In the land of lotus-eaters.

[Translated from the famous Manipuri poem, Atoom-bagi Leipakta of Jananeta Hijam Irabat Singh by L. Damodar Singh]

মনিপুরী নারী বিদ্রোহের ইতিকথা

এ. কে. শেরাম

১৯৩৯ সালের ১২ই ডিসেম্বরের রৌদ্রস্নাত সন্ধ্যায়। স্টেট 'দরবার'-এর প্রেসিডেন্ট বৃটিশ প্রতিনিধি মিঃ টি. এ. শার্প আই সি এস এর সভাপতিত্বে 'দরবার' অনুষ্ঠিত হচ্ছে। এদিকে চাব হাজারেরও অধিক বিক্ষুব্ধ মনিপুরী নারী সমবেত হয় দরবার হলের পাশের উন্মুক্ত মাঠে। সমাবেশে জ্বালাময়ী ভাষণ দেন আন্দোলনের নেত্রীরা। তারপর সম্মিলিত নারীবাহিনী দৃষ্টপদে এগিয়ে যায় দরবার অভিমুখে-ঘেরাও করে দরবার সদস্যদের এবং শ্লোগানে শ্লোগানে কাঁপিয়ে দেয় দরবার হল। তাদের প্রধান দাবী মনিপুর থেকে ধান চাল বাইরে পাঠানো বন্ধ করতে হবে। সেদিনের সে ঘটনা মনিপুরী নারী শক্তি উত্থানের ক্ষেত্রে চিহ্নিত হয়ে আছে এক উজ্জ্বল মাইলফলক হিসেবে।

খন্ড খন্ড সংঘাত ও বিক্ষোভ। এ আন্দোলনে নেতৃত্ব দেন মহিলা নেত্রী শামুহাওবী দেবী, মনিহার এর মা প্রমুখ। পরে পুরুষরাও যুক্ত হয় এ আন্দোলনে। তাদের মধ্যে মেগাজিং সিংহ, মুতুম সিংহ, কালা সিংহ, চাওবা সিংহ, ও চমু সিংহের নাম বিশেষভাবে উল্লেখ্য। উল্লেখিত ৫ জন এবং ৭ জন নারী নেত্রীকে বন্দী করা হয়। আন্দোলন তীব্রতর হয়ে ওঠে। শেষ পর্যন্ত পিছু হটতে বাধ্য হয় বৃটিশ সরকার। বাধ্যতামূলক শ্রমের তালিকা থেকে বাদ দেয় ব্রাহ্মণ এবং রাজবংশের সদস্যদের। মনিপুরী নারীদের সম্মিলিত আন্দোলন প্রথম বিজয় অর্জন করে।

প্রথম নারী বিদ্রোহের ৩৫ বৎসর পর ঘটে দ্বিতীয় মনিপুরী নারী বিদ্রোহের ঘটনা। মনিপুরের ইতিহাসে 'নুপীলান' নামে সমধিক খ্যাত ১৯৩৯ সালের এই দ্বিতীয় মনিপুরী নারী

দ্রুত জনপ্রিয়তা লাভ করে এ ধর্মমত এবং যদুনাং হয়ে ওঠে তাদের অবিসম্বাদিত নেতা। পরে বৃটিশদের জন্যে যদুনাং যখন ক্রমশঃ বিপদজনক হয়ে উঠতে থাকলো তখন রাজবিদ্রোহের অভিযোগ এনে শক্তি প্রয়োগে বন্দী করা হয় তাকে এবং প্রহসনের বিচার সাজিয়ে ১৯৩১ সালের আগস্ট মাসে মৃত্যুদণ্ড করা হয়। কিন্তু সমস্যা মেটে না তাতে। যদুনাং এর প্রধান শিষ্যা ১৯ বছরের কাবুই যুবতি 'গাইদেলু' নেতৃত্ব গ্রহণ করে আন্দোলনের। তার আবেগঘন নেতৃত্বে কাবুই আন্দোলন ক্রমশঃ দুর্বীর হয়ে ওঠে। কাবুই এবং নাগা সম্প্রদায়ের কাছে 'রানী' নামে পরিচিত হয়ে ওঠেন তিনি। শাসক শক্তির কাছে দুঃস্বপ্ন হয়ে ওঠে রানী গাইদেলু। তাকে বন্দী করার জন্যে নগদ অর্থ পুরস্কারসহ বিভিন্ন

১৯৩৯ সালের 'নুপীলান' ছিল দ্বিতীয় নারী বিদ্রোহ। প্রথম নারী বিদ্রোহের ঘটনা ঘটে ১৯০৪ সালে। ১৫ই মার্চ তারিখে কে বা কারা রাতের অন্ধকারে আঙুন লাগিয়ে দেয় এসিস্ট্যান্ট পলিটিক্যাল এজেন্ট এর বাংলো বাড়ীতে। ৪ঠা আগস্ট রাত্রিতে আবার ভয়ঙ্কর হয় এসিস্ট্যান্ট সুপারিনটেন্ডেন্ট এর বাংলো। ফলশ্রুতিতে পলিটিক্যাল এজেন্ট আশপাশের ৪টি গ্রামের সকল মনিপুরী পরিবারের পুরুষ প্রধানকে নিজস্ব সম্পদ দিয়ে এবং বাধ্যতামূলক শ্রমে ভয়ঙ্করিত বাংলো বাড়ী পুনঃ নির্মাণের

১৬ বৎসরের যুবতী কন্যা লীলাবতী দেবী ওরফে লৈহাও। তার সাহস সেদিন মনিপুরী প্রজাদের প্রেরণা যুগিয়েছিল-তার অগ্নিস্কুরা বজ্রতা উদ্দীপিত করেছিল আন্দোলনকারী সহস্র জনতাকে। লীলাবতী দেবী সেদিন হয়ে উঠেছিলেন সংগ্রামী জনতার অবিসম্বাদিত নেত্রী আন্দোলনের প্রতীক, কিংবদন্তীর নায়িকা।

নির্দেশ জারী করে। মনিপুরী সমাজের প্রচলিত প্রথা হলো ব্রাহ্মণ এবং রাজবংশের লোকেরা কোন কায়িক শ্রমে অংশ নেবে না। কিন্তু বৃটিশ কর্মকর্তার এ আদেশ থেকে রেহাই পায়নি সেদিন ব্রাহ্মণ সম্প্রদায় এবং রাজবংশের সদস্যরাও। ফলে ক্ষোভ ধুমায়িত্ব হয়ে ওঠে। নারীরাই প্রথম এগিয়ে আসে বিক্ষোভ প্রদর্শনে। অক্টোবরের ২ তারিখে মিছিল করে নারীরাই বৃটিশ সরকারের কাছে দাবী জানায় এ অন্যায় আদেশ প্রত্যাহারের। বেশ কদিন ধরে চলে

বিদ্রোহের বিবরণ বিবৃত করার আগে এ আন্দোলনের মানস গঠনে সহায়ক দুটি ঐতিহাসিক ঘটনার উল্লেখ প্রাসঙ্গিক হবে।

১৯২৭ সালে যদুনাং নামের কাবুই সম্প্রদায়ের এক লোক এক নূতন ধর্মমত প্রচার করে। অবহেলিত ও বঞ্চিত কাবুই সম্প্রদায়ের মধ্যে এ ধর্মমত নূতন প্রত্যাশার জন্ম দেয়। যদুনাং এর নেতৃত্বে সংগঠিত হয়ে তারা বৃটিশ শাসন থেকে মুক্তি পেয়ে 'কাবুই রাজ' প্রতিষ্ঠা করতে পারবে এ স্বপ্ন দেখতে থাকে। ফলে

লোভনীয় পুরস্কার ঘোষণা করা হয়। অবশেষে ধরা পড়ে কাবুই আন্দোলনের স্বপ্নের নেত্রী রানী গাইদেলু। সাজানো এক বিচারে তাকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। কিন্তু তার আত্মতাগ বৃথা যায়নি। রানী গাইদেলুর অসমসাহসিকতা, জাতীয়তাবোধ এবং নিঃস্বার্থ দেশপ্রেম পরবর্তীতে ভারতের বৃটিশ বিরোধী সংগ্রামে এক প্রাণদ প্রেরণার উৎস হয়েছে। কিংবদন্তীর এ নেত্রী পরিচিতি পান কাবুইদের 'জোয়ান অব আর্ক' নামে। (১)

দ্বিতীয় ঘটনাটি বাংলাদেশের। বৃহত্তর সিলেটের (বর্তমানে মৌলবীবাজার জেলাধীন) কমলগঞ্জ থানার ভানুবিলা। এক ঐতিহাসিক স্মৃতি বিজড়িত অঞ্চল। ভানুবিলা মৌজার অধীনে কয়েকটি মনিপুরী পাড়া ছাড়াও মনিপুরী মুসলমান অধ্যুষিত পাড়াও আছে। ১৯৩০ সালের কথা। পৃথিমপাশার জমিদার আলী আমজাদ খান তখন দৌর্দণ্ডপ্রতাপে জমিদারিত্ব করছেন। ভানুবিলা তারই অধীনস্থ অঞ্চল। জমিদারের সুচতুর নায়েব রাসবিহারী দাস ভানুবিলা অঞ্চলের

মনিপুরী প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করে জমিদারের কোষাগারে জমা না দিয়ে নিজেই আত্মসাৎ করতেন। সহজ সরল মনিপুরী প্রজারা সরল বিশ্বাসে খাজনার টাকা নায়েবের হাতে তুলে দিতেন রশিদ গ্রহণের কথা ভাবতেনই না। ফলে বাক্যে খাজনা আদায়ের জন্যে জমিদার মামলা দায়ের করে। এছাড়াও আরো কতগুলো দাবী দাওয়া নিয়ে জমিদার ও মনিপুরী প্রজাদের মধ্যে বিরোধ বেধে ওঠে। জমিদার ক্রোকী পরোয়ানা জারী করে খাজনা আদায়ের জন্যে জেরি করে বাড়ীঘর ভেঙ্গে দিয়ে সম্পত্তি দখল করতে থাকে। দুঃস্থ নায়েবের মাধ্যমে নিপীড়ন ও নির্যাতন বাড়িয়ে দেয় জমিদার। ফলে বিরোধ ক্রমশ হিংসাত্মক রূপ নিতে থাকে। এক পর্যায়ে মনিপুরী প্রজাদের হাতে নিহত হন অত্যাচারী নায়েব। আন্দোলন চলতে থাকে এবং ক্রমশ রাজনৈতিক রূপ পরিগ্রহ করে। তৎকালীন কংগ্রেস নেতৃবৃন্দ যুক্ত হয়ে পড়ে এ আন্দোলনে। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, পূর্ণেন্দু কিশোর সেনগুপ্ত, ক্ষীরোদ দেব, দুর্গেশ দেব, আশুতোষ ভট্টাচার্য্য, নিকুঞ্জ বিহারী গোস্বামী প্রমুখ। অনেক মহিলা কংগ্রেস নেত্রীও সেদিন ঝাঁপিয়ে পড়েছিলেন এ আন্দোলনে। তাদের মধ্যে শশীপ্রভাদেব, যোবেদা খাতুন, সরলা দেবী, চারুমীলা দেবী প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখ্য। ভানুবিলা আন্দোলনের ঘটনা সেদিন বৃটিশ সরকারের ভিজিভূমিকে নাড়িয়ে দিয়েছিল যে কারণে এ প্রসঙ্গটি সুদূর বিলেতের হাউজ অব কমন্স-এও আলোচিত হয়। বিরোধী লেবার পার্টির চাপের মুখে সরকার ৩ সদস্যের একটি প্রতিনিধিদলকে সরেজমিন তদন্তের জন্যে ভানুবিলা প্রেরণ করেন। তদন্ত কমিশনের সদস্যরা হলেন মিস উইলকিনসন, ভারতীয় সদস্য কৃষ্ণ মেনন এবং একজন মহিলা সদস্য। সেই ঐতিহাসিক ভানুবিলা আন্দোলনে আন্দোলনকারী মনিপুরী প্রজাদেরকে যারা নেতৃত্ব দিয়েছিলেন তারা হলেন-বৈকুণ্ঠ শর্মা, পঞ্চানন ঠাকুর, কাসেম আলী, রূপচন্দ সিংহ, কৃষ্ণমণি শর্মা ও গিরীন্দ্র সিংহ। আন্দোলনের এক পর্যায়ে উল্লেখিত নেতৃবৃন্দ যখন সবাই আটক হয়ে বন্দীশালায় এবং নেতৃত্বহীনতার কারণে এই আন্দোলন প্রায় স্তিমিত তখন অত্যন্ত অপ্রত্যাশিতভাবে এবং অসমসাহসিকতায় এই আন্দোলনের নেতৃত্ব এককভাবে কাঁধে তুলে নিয়ে যিনি আন্দোলনকে চূড়ান্ত বিজয়ের দিকে নিয়ে

গিয়েছিলেন তিনি হলেন-বৈকুণ্ঠ শর্মার মাত্র ১৬ বৎসরের যুবতী কন্যা লীলাবতী দেবী ওরফে লৈহাও। তার সাহস সেদিন মনিপুরী প্রজাদের প্রেরণা যুগিয়েছিল-তার অগ্নিস্ক্রুবা বক্তৃতা উদ্দীপিত করেছিল আন্দোলনকারী সহস্র জনতাকে। লীলাবতী দেবী সেদিন হয়ে উঠেছিলেন সংগ্রামী জনতার অবিস্মৃতিত নেত্রী আন্দোলনের প্রতীক, কিংবদন্তীর নায়িকা। জমিদারের শাসন শোষণ এবং জুলুম নির্যাতনের মুখে আন্দোলনরত মনিপুরী প্রজারা সেদিন যে দৃঢ়তা এবং অবিচলতা দেখিয়েছিলেন তার ফলে পিছু হটতে বাধ্য হয়েছিল জমিদার-নতি স্বীকার করতে হয়েছিল সংগ্রামী ঐক্যের কাছে-

**রানী গাইদেলু এবং
লীলাবতী দেবী ওরফে
লৈহাও দেবীর সাহস,
প্রজ্ঞা ও দেশপ্রেম
দেশকালের সীমানা
পেরিয়ে ছড়িয়ে
পড়েছিল সকল
সংগ্রামী জনতার
অন্তরে অন্তরে।
মনিপুরের
আন্দোলনকারী নারী
সমাজই সম্ভবত
উজ্জীবিত হয়েছিলেন-
উদ্দীপ্ত হয়েছিলেন এই
দুই মহীয়সী নেত্রীর
বিপ্লবী চরিত্রে।**

ভানুবিলা আন্দোলন অর্জন করেছিল কাঙ্ক্ষিত বিজয়। মনিপুরী প্রজাদের সকল দাবী দাওয়াই মেনে নিতে হয়েছিল শাসক শক্তিকে এবং ১৯৩৫ সালের শ্রীহট্ট প্রজাস্বত্ব আইন পাশের মাধ্যমে আন্দোলনের ফসল পেয়েছিল আইনী স্বীকৃতি। (২)

রানী গাইদেলু এবং লীলাবতী দেবী ওরফে লৈহাও দেবীর সাহস, প্রজ্ঞা ও দেশপ্রেম দেশকালের সীমানা পেরিয়ে ছড়িয়ে পড়েছিল

সকল সংগ্রামী জনতার অন্তরে অন্তরে। মনিপুরের আন্দোলনকারী নারী সমাজই সম্ভবত উজ্জীবিত হয়েছিলেন-উদ্দীপ্ত হয়েছিলেন এই দুই মহীয়সী নেত্রীর বিপ্লবী চরিত্রে। তাই তারা সংগঠিত হতে পেরেছিলেন শাসক শক্তির বিরুদ্ধে এক সংগ্রামী চেতনায়।

১৯৩৯ সাল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের তত্ত্ব হলকায় দক্ষ তখন মনিপুরের শ্যামল উপত্যকাও। খাদ্যাভাব ক্রমশ প্রকট থেকে প্রকটতর হচ্ছে। সে অবস্থাতেও যুদ্ধরত সৈনিকদের জন্যে শাসক শক্তির নির্দেশে মনিপুর থেকে বাইরে পাঠানো হতো ধান ও চাল। আসন্ন দুর্ভিক্ষের আশঙ্কায় মনিপুরী প্রজাবৃন্দ বিস্কন্ধ হয়ে ওঠে। সেই প্রেক্ষাপটেই ১২ই ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত হয় নারী সমাবেশ এবং দরবার ঘেরাও এর কর্মসূচী সম্মিলিত নারীরা শ্লোগানে শ্লোগানে মুখরিত করে দরবার হল এবং দরবার প্রেসিডেন্টের হাতে পেশ করে তাদের দাবীনামা। তারা তাদের প্রধান দাবী মনিপুর থেকে বাইরে ধান চাল পাঠানো বন্ধ করা-তাৎক্ষণিকভাবে কার্যকর করার জন্য চাপ সৃষ্টি করে। কিন্তু ষ্টেট দরবারের প্রেসিডেন্ট মিঃ টি এ শার্প আন্দোলনকারী নারীদের জানায় যে, মনিপুরের মহারাজ স্যার চূড়াচন্দ্র সিংহ তখন নবদ্বীপ ধামে অবস্থান করছেন এবং তার অনুমোদন ব্যতীত দরবার এরকম কোন সিদ্ধান্ত গ্রহণে অপারগ। আন্দোলনকারীরা কোন অজুহাতই মানতে রাজী নয়। তারা জোর করে মিঃ শার্পকে ধরে নিয়ে যায় টেলিগ্রাফ অফিসে সেখান থেকে নবদ্বীপে মহারাজের কাছে অনুমোদন চেয়ে মিঃ শার্পকে দিয়ে প্রি-পেইড রিটার্ন টেলিগ্রাম পাঠানো হয়। তারপর শার্প তার বাসভবনে ফিরে যেতে উদ্যত হলে বিস্কন্ধ নারীরা বলে আমরা দুদিন দরে অভুক্ত আছি। সুতরাং এই টেলিগ্রাম বার্তার কোন ইতিবাচক উত্তর না পাওয়া পর্যন্ত আমরা আপনাকে কোথাও যেতে দিতে পারিনা। এই বলে তারা তাকে টেলিগ্রাফ অফিসে আটকে রাখে। খবর পেয়ে ৪র্থ আসাম রাইফেল্‌স্-এর কমান্ডেন্ট মেজর বুলফিল্ড এর নেতৃত্বে এক প্লাটুন সৈন্য টেলিগ্রাফ অফিসে এছে পৌছায়। তারা সমবেত নারীদের হাত থেকে মিঃ শার্পকে মুক্ত করার চেষ্টা চালায়। ফলে সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে। অসমসাহসী নারীরা সামান্যতম বিচলিত না হয়ে 'তেম' (কাপড় বুননের সময়

বাবহত কাঠের তৈরী এক দিক ঈষৎ ধারালো এক ধরনের দা বিশেষ) হাতে প্রতিরোধ গড়ে তোলে। বন্দুকের বাটের আঘাতে এবং সঙ্গীদের ঘায়ে নারীবাহিনীর অনেককেই আহত হয়। সবকরী হিসেবেই এই আহতের সংখ্যা ২১ জন। এদের অনেককেই সংকটজনক অবস্থায় হাসপাতালে স্থানান্তর করা হয়। তাছাড়া শীর্ষস্থানীয় ১০ জন নেত্রীকে বন্দী করা হয়। তারপরও পিছু হটেনি নারীরা। অবশেষে পরদিন টেলিগ্রাম বার্তার ইতিবাচক উত্তর আসে। মনিপুর থেকে ধান চাল বাইরে পাঠানো তাত্ক্ষণিকভাবে বন্ধ করার ঘোষণা দেয়া হয় এবং অন্যান্য দাবীগুলোও পর্যায়ক্রমে মেনে নেয়ার আশ্বাস দেয়া হয়। আর তখনই মুক্তি দেয়া হয় মিঃ শার্পকে এবং আন্দোলনকারী নারীবৃন্দ কিছুটা শান্ত হয়ে ফিরে যান নিজ নিজ বাসভবনে। এই নারী আন্দোলনে যে সব সাহসী নারী নেতৃত্ব দিয়েছেন তাদের মধ্যে তোঙ্গৌ দেবী, খোংনাং দেবী, মুখী দেবী, অমুবী দেবী, লৈপাকলৈ দেবী, শাবী দেবী, ইবেমহল দেবী, রজনী দেবী, সানাতোষী দেবী, চাওবীতোন দেবী, কুমারী দেবী, অশংবী দেবী, তিৎগোং দেবী, কবোকলৈ দেবী, পিশক দেবী প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। (৩)

১৯৩৯ সালে ১২ই ডিসেম্বর মনিপুরী নারী বিদ্রোহের প্রাথমিক বিজয় অর্জিত হলেও এ আন্দোলন এদিনই শেষ হয়ে যায়নি। বাকী দাবীসমূহ আদায় এবং আটক নেতাদের মুক্তির দাবীতে নিয়মতান্ত্রিক আন্দোলন চলতে থাকে। ক্রমশঃ এ আন্দোলন রাজনৈতিক চারিত্র অর্জন করে এবং মনিপুরের বিভিন্ন রাজনৈতিক নেতৃত্ববৃন্দও যুক্ত হয়ে পড়ে এ আন্দোলনে। আন্দোলনের রাজনৈতিক চারিত্র অর্জন এবং ক্রমশঃ এর বেগ সঞ্চারণই ব্যাপ্তিতে শক্তিত শাসকগোষ্ঠী দমন নিপীড়নের পথ বেছে নেয়। ১৯৪০ সালে ৯ই জানুয়ারী সরকার বন্দী করে মনিপুরের জনপ্রিয় রাজনৈতিক বিশিষ্ট কমিউনিস্ট নেতা মনিপুর প্রজামন্ডল এর সভাপতি হিজম ইরাবোংসিংহকে। মনিপুরী প্রজাদের ধুমায়িত ক্ষোভ ক্রমশঃ পুঞ্জীভূত হতে হতে এক সময় বিস্ফোরিত হয়ে পড়ে। ২৮ জানুয়ারীতে হাজার হাজার নারী পুরুষ মিছিল করে গিয়ে ঘেরাও করে রাজপ্রাসাদ। দাবী জানায় রাজবন্দীদের নিঃশর্ত মুক্তি এবং আন্দোলনের অবশিষ্ট দাবীসমূহ অবিলম্বে পূরণের। সরকার প্রতিউত্তরে তার দমন পীড়নের মাত্রা বাড়িয়ে দেয়। বন্দী করে আরও ৯ জন বিশিষ্ট রাজনৈতিক নেতাকে (৪) কিন্তু এতোসব করেও জনতার আন্দোলনকে থামিয়ে দিতে পারেনি। আন্দোলনের বেগ ও ব্যাপ্তি ক্রমশঃ বাড়তেই

থাকে। মনিপুরের সীমানা পেরিয়ে এ আন্দোলনের ঢেউ ছড়িয়ে পড়ে প্রতিবেশী রাজ্য আসাম-ত্রিপুরায়ও। সেখানকার সচেতন জনগণ সভা সমাবেশ এবং মিছিল করে সমর্থন জানায় মনিপুরী নারী বিদ্রোহকে এবং অবিলম্বে আটক নেতাদের মুক্তিসহ সব দাবীদাওয়া মেনে নেয়ার জন্য বৃটিশ সরকারের উপর চাপ সৃষ্টি করে।

অবশেষে আন্দোলনের সম্মিলিত শক্তির কাছে পরাভব মানে শাসকগোষ্ঠী নতি স্বীকার করে জনতার ইস্পাত দৃঢ় ঐক্যের সামনে। একে একে রাজবন্দীদের সকলকে মুক্তি দেয়া হয়। মেনে নেয় সঙ্গ্রামী নারীদের সব দাবী। মনিপুরী নারী সমাজের সম্মিলিত আন্দোলন আরেকটি বিজয় অর্জন করে।

তথ্য নির্দেশ :

- (১) prof. Jyotirmoy Roy: History of Manipur; Imphal-1973. 2nd Edition P-140-141.
- (২) সত্যেন সেন; গ্রাম বাংলার পথে পথে; সত্যেন সেন রচনা সমগ্র; ১০৮৭. পৃঃ ২৮৮
- (৩) E. Chandra Singha: Women's Revolt in Manipur in 1939;
- (৪) রাজকুমার শ্রী স্নাহল সিংহ; মনিপুরগী অনীশবা নুপীলালা আসামগী খৌদাং; মরুপ-শরৎকী ইচেল-১৯৮৮; আগরতলা, ত্রিপুরা।

আর্টিকল খাবিরকউ

‘মীৎকপথোকপ’ খা ৩/৩ গী চেফোংগীদমক খুন্নাই অমদি জাতিগী ওইবা হীরমসিংদা শৈরেং রারেং, বারীমচা পুরারী, সেন্‌মিংলোন্ লৈঙাকলোন্না চিংবা আর্টিকল চেমায় অমদা খুংই শেংনা ইরগা অদোমগী কোপী থল্লগা খাবিরকউ।

খাবিরকখিবা আর্টিকলগী কোপী অমুক পিবা ওমজরোই। মথংগী চেফোংগীদমক ওইনাদি ৩১/১২/৯৬ইং তারিখকী মনুংদা যৌহনবিরকউ।

ইডিটর মীৎকপথোকপ

৪, কাঠাল বাগান
ধানমন্ডি, ঢাকা-১২০৫
বাংলাদেশ।

সম্ভাবনাময় ঘনিপুত্রী তাঁত শিল্প

পিঃ কে. খুমন.

(পূর্ব প্রকাশিতের পর)

মনিপুরী তাঁত শিল্পের ক্রমবর্ধমান যে সমস্যা তা সুপরিকল্পিতভাবে সমাধান না হলে একদিন কালের অতল গহ্বরে হারিয়ে যাবে। যেভাবে ঢাকার মসলিন শিল্প হারিয়ে গেছে। তাই সরকার বা অন্য কারো সাহায্যের অপেক্ষা না করে নিজেদের মধ্যে সচেতনতা এনে সঠিক কার্যক্রম গ্রহণ করে সুষ্ঠু সমাধান আনতে হবে। তাছাড়া মনিপুরীদের অর্থনীতি অনেকটা তাঁত শিল্পের উপর নির্ভরশীল। কেননা গ্রাম ও শহরের অধিকাংশ মনিপুরী মহিলারা নিজের পরিবারের স্বচ্ছলতা ও নিজের প্রেসট্রিজ বক্ষার জন্য অবিরামভাবে তাঁত জাত পণ্য উৎপাদন করছে। অন্যদিকে দিন দিন মনিপুরীদের আর্থিকভাবে পিছিয়ে পড়তেছে। ভূমিহীনদের সংখ্যাও দিন দিন বাড়তেছে। ফলে শুধুমাত্র পরিবারের পুরুষদের আয় রোজগারের উপর নির্ভর করে সংসার চালানো কষ্টকর হয়ে পড়েছে। এর স্পষ্ট প্রমাণ পাওয়া যায় মনিপুরী তাঁত জাত পণ্যের বিক্ষয়কর প্রসার দেখে। এই

কারণে মনিপুরীদের উৎপাদিত জিনিসের দাম বেশী পড়তেছে, ফলে বাজার হারাচ্ছে। মনিপুরী তাঁত শিল্পের সমস্যা ও সমাধান নিয়ে পূর্ববর্তী সংখ্যায় বিশদভাবে আলোচনা করা হয়েছে। তাই এ সম্পর্কে আলোচনা এখানে আর হচ্ছে না। আমরা মনিপুরী তাঁত শিল্পের সম্ভাবনা নিয়ে এখানে বিস্তারিতভাবে আলোচনা করবো। মনিপুরী তাঁত শিল্পের বর্তমান যে অবস্থায় দাঁড়িয়েছে তাতে নিঃসন্দেহে বলা যায় যে, এই শিল্পকে সম্যোপযোগী করে গড়ে তুলতে পারলে এক উজ্জ্বল সম্ভাবনা রয়েছে। কর্মক্ষম মহিলাদের ৯৫% এই শিল্পের সাথে জড়িত। মনিপুরী অধ্যুষিত একটি গ্রামে উৎপাদিত বিভিন্ন পণ্যের সংখ্যা ও মোট মজুরীর তালিকা নিম্নে দেওয়া হলো।

এই পরিসংখ্যান থেকে স্পষ্ট হবে যে, তাঁত শিল্প কত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতেছে মনিপুরী অর্থনীতিতে।

★ অন্যান্য পণ্য বলতে বেড কভার, টেবিল

মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে, তবুও ৩/৪ বছরগুলোতে দ্রুত পবিমাণে উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে। যাদের সাক্ষাৎকার গ্রহণ করেছি তাদের পরিচয় নিচে দেওয়া হলো :

০১ সিলেট শহরের একজন মনিপুরী তাঁত জাত পণ্যের দোকানের মালিক/স্বত্বাধীকারী।

০২. সিলেট সদরে অবস্থিত একটি মনিপুরী পাড়ার একজন তাঁতী।

০৩. মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানার একজন মনিপুরী কাপড়ের ব্যবসায়ী।

০৪. মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানার একটি মনিপুরী তাঁতী পরিবার।

০৫. মনিপুরী তাঁত জাত পণ্য উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিচালক।

সিলেট শহরের আধুনিক বিপনী কেন্দ্রেও মনিপুরী তাঁত জাত পণ্যের কতকগুলি দোকান রয়েছে। যা পাঁচ বছর আগেও কল্পনার অতীত ছিল। কেননা মনিপুরী তাঁত জাত পণ্য বিক্রি

নং	পণ্যের নাম	বাৎসরিক উৎপাদন	মোট স্থানীয় বাজার মূল্য	মোট মজুরী	মোট মজুরীর শতকরা কত অংশ	তাঁতীর সংখ্যা
০১	শাড়ী	১২৬০ পিস	৭,৫৬,০০০	১,১৫,০০০	৮৩,৮%	১৫
০২	উরনা	১০৫ পিস	১৬,৮০০	৭৮,৭৭৫	২.১%	৫
০৩	প্র্যাসম্যাট	৫৫ সেট	৯,৯০০	৪,১২৫	১.১%	৮
০৪	উলের চাদর	৭২০	১,২৬,০০০	৩৯,৬০০	১০.৫%	১২
০৫	ব্যাগ	৫৫০ পিস	২৪,৭৫০	৪,৪০০	১.২%	৬
০৬	★ অন্যান্য মোট		২৫,০০০	৫,০০০	১.৩%	
			৯,৫৮,৪৫০	৩,৭৬,০০০		

দু'তিন বছরের মধ্যে সিলেট শহরে গড়ে উঠেছে ৩/৪টি মনিপুরী কাপড়ের দোকান। পাশাপাশি সিলেটের প্রতি পাড়াতে পাড়াতে বিক্রি হচ্ছে অসংখ্য মনিপুরী তাঁত জাত পণ্য। সুতরাং এই শিল্পের উপর নির্ভরশীলদের সংখ্যা দিন দিন বাড়তেছে। কিন্তু উৎপাদনকারী ও সরবরাহকারীদের মধ্যে সু-সমন্বয়ের অভাবে এই বাজার হয়তো বেশীদিন ধরে রাখা সম্ভব হবে না। কেননা আস্তে আস্তে মনিপুরীদের কাপড় এর চাহিদা দেখে অন্যান্য সম্প্রদায়ের তাঁতীরাও একই ধরনের জিনিস উৎপাদন করা শুরু করেছে। তাতে দেখা যাচ্ছে যে, বিভিন্ন

ক্লথ, গামছা, কুসন কভার ইত্যাদি পণ্যকে বুঝানো হচ্ছে। আর তাঁতীর সংখ্যাও সীমাবদ্ধ নেই, তাই সংখ্যা সেখানে দেখানো হলো না।

বর্তমানে মনিপুরী তাঁত জাত পণ্য কি পরিমাণ উৎপাদন হচ্ছে বিক্রি হচ্ছে কোন শ্রেণীর ক্রেতা কোথায় কোথায় কি বিক্রি হচ্ছে এবং কি ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে তা জানার জন্য উক্ত শিল্পের সাথে জড়িত কয়েকজনের সাক্ষাৎকার গ্রহণ করি। উনাদের সাথে বিস্তারিতভাবে আলাপ করে জানা যায় যে, বর্তমানে মনিপুরী তাঁত শিল্প বিভিন্ন সমস্যার

করেই একটি দোকান চলতে পারে তা অনেকের ধারণার বাইরে ছিল। কিন্তু কিছু উদ্যমি তরুণ ব্যবসায়ী এই অসম্ভবকে সম্ভব করে তুললো। একটি চ্যালেঞ্জিং মনোভাব নিয়ে তাঁরা কাজ করতে শুরু করলো। প্রথম প্রথম কিছু সমস্যা হয়েছিল, কিন্তু তা কাটিয়ে উঠতে বেশীদিন লাগল না। বর্তমানে সাফল্যের সাথে মনিপুরী তাঁত জাত পণ্য বিক্রি করে ব্যবসা চালাচ্ছে। উনাদের মধ্য থেকে একজনের সাথে আলাপ করে উক্ত শিল্পের ব্যবসায়িক সম্ভাবনা জানতে চেষ্টা করি। উনার দেওয়া তথ্য সারণীতে প্রকাশ করা হলো।

উক্ত পরিসংখ্যানটি গত বছর অর্থাৎ ১৯৯৫ সালের জুলাই থেকে ১৯৯৬ সালের জুন মাসের মধ্যবর্তী বিক্রির গড় হিসাব। এখানে শুধুমাত্র মনিপুরী তাঁত জাত পণ্যের হিসাব দেওয়া হয়েছে। উক্ত দোকানটিতে মনিপুরীদের ছাড়াও অন্য জিনিসও বিক্রি হয়। আর এই তথ্যটির মধ্যে খুচরা বিক্রয়ের সাথে পাইকারী বিক্রয়ের হিসাবও যুক্ত। কিছু কিছু বাঙালী ব্যবসায়ী উক্ত দোকান থেকে পাইকারীভাবেও জিনিস নিয়ে থাকে। এখানে দেখা যাচ্ছে যে, শাড়ীর বিক্রয়ের পরিমাণ সবচেয়ে বেশী। অপরদিকে ক্রেতাদের মধ্যে সিলেটের বাইরের ক্রেতার সংখ্যা বেশী। এ থেকে স্পষ্ট হয়েছে যে, মনিপুরী তাঁত শিল্পে শাড়ীর সংযোজন একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। কেননা পূর্বে মনিপুরীরা কোন শাড়ী উৎপাদন করতো না। শুধুমাত্র উরনা, শাল, বেড কভার, টেবিল ক্লথ, গামছা, ইত্যাদি উৎপাদন করতো। কিন্তু এসব কাপড়ের চাহিদা ছিল খুবই সীমিত। ঐ সময় সবচেয়ে চাহিদা ছিল উলের চাদর বা শাল। কিন্তু সেটিও সীজন্যাল কাপড় হওয়ায় শীতকালীন মৌসুমেই শুধু বিক্রি হতো। অথচ বর্তমানে শাড়ীর উৎপাদন শুরু হওয়াতে মনিপুরী তাঁত জাত পণ্যের বাজার জাতকরনে কি কি সমস্যার সম্মুখীন হচ্ছে, এই সম্পর্কে উনার মতামত হলো; পণ্যের অত্যধিক মূল্য, সীমিত ডিজাইন এবং সরবরাহের অপ্রতুলতা। তিনি বলেন, আধুনিক প্রযুক্তি ও সস্তা কাঁচামাল ক্রয়ের মাধ্যমে যদি উৎপাদন মূল্য কমানো ও প্রান্তিক উৎপাদন বাড়ানো হলে, এই খাতে প্রচুর সম্ভাবনা রয়েছে। কেননা দিন দিন মনিপুরী তাঁত জাত পণ্যের চাহিদা বাড়তেছে।



ফ্রেমলুমে (য়োংখম) মনিপুরী শাড়ী বুননরত এক মনিপুরী মহিলা

এর প্রত্যক্ষ প্রমাণ হলো দোকানের বিক্রয় প্রতিমাসে বৃদ্ধি।

সিলেট সদরে অবস্থিত মনিপুরী পাড়াগুলোর মধ্যে আশ্রয়ানা অন্যতম। এই পাড়ার অধিকাংশ বাড়ীতেই মনিপুরী তাঁত রয়েছে। এখানকার আরেকটা সুবিধা হলো সরাসরি ক্রেতা এসে জিনিস ক্রয় করে নিয়ে যান, তাই বিক্রয়ের জন্য তেমন ভাবতে হয় না। নাম প্রকাশ হবে না এই শর্তে একজন মনিপুরী মহিলার সাথে আলাপ করি। তিনি জানানেন এখানকার ক্রেতা অধিকাংশই বাইরের। অর্থাৎ সিলেটের বাইরের। কেউ হয়তো মাজার জেয়ারত করতে আসছেন, কেউ হয়তো ঘুরতে আসছেন অথবা ব্যবসায়িক কাজে কিংবা চাকুরীর কারণে আসছেন এরকম নানা ধরনের

লোক এসে মনিপুরী তাঁতজাত পণ্যের খোজ করতে আসেন। তাছাড়াও সিলেটে অবস্থানরত সরকারী চাকুরীজীবীদের স্ত্রী, মা, বোন, মেয়ে বা আত্মীয়-স্বজনরা প্রায়ই আসেন পাশাপাশি সিলেটের মূল বাসিন্দাদের মধ্যেও কেউ কেউ আসেন, তবে তাদের সংখ্যা খুবই নগন্য। কি কি ধরনের জিনিস উৎপাদন করেন এবং বিক্রি করেন জানতে চাইলে উনি বললেন, বেশীর ভাগ ক্রেতা মনিপুরী শাড়ী ও উরনা চায় আর শীতকাল এলে উলের চাদর কিনতে চায়। সঠিক হিসাব না রাখাতে মাসে কত টাকা বিক্রি করেন তা জানাতে অপারগতা জানানেন। তবে এথেকে পরিবারের প্রভূত পরিমাণে উপকার পাচ্ছে। ক্রেতাদের চাহিদা অনুযায়ী কি সরবরাহ করা সম্ভব হচ্ছে? এই প্রশ্নের উত্তরে তিনি বললেন, না কখনই সম্ভব হয় না

নং	পণ্যের নাম	গড় মাসিক বিক্রয়	মোট বিক্রয়ের শতকরা কতভাগ	ক্রেতাদের শ্রেণী	শতকরা কতভাগ
০১.	মনিপুরী শাড়ী	১৯৫ পিস	৫৭%	মধ্যবিত্ত চাকুরীজীবীদের স্ত্রী	১৫%
০২.	মনিপুরী উরনা	১৫৩ পিস	১০.৩%	উচ্চবিত্ত ব্যবসায়ীদের স্ত্রী	৬%
০৩.	উলের চাদর	১৮০ পিস	১৭.৫%	স্কুল কলেজ ছাত্রী	৪%
০৪.	রুমাল	১৮ ডজন	২%	সিলেটের বাইরের ক্রেতা	৩০%
০৫.	ব্যাগ	১২০ পিস	৬%	দেশের বাইরের ক্রেতা	১০%
০৬.	বেড কভার	৮ পিস	২.২%	পাইকারী ভাবে বিক্রয়	২৫%
০৭.	তৈরী পোষাক	২৬ পিস	২.৫%	অন্যান্য	১০%
০৮.	অন্যান্য		২.৫%		

কেননা ক্রেতাদের মানসিকতা প্রতিদিন বদল হচ্ছে, অথচ মনিপুরী তাঁতজাত পণ্যের তেমন পরিবর্তন হচ্ছে না। ফলে ক্রেতাদের চাহিদা অনুযায়ী উৎপাদন করা সম্ভব হচ্ছে না তাছাড়া মনিপুরী তাঁতশিল্প খুবই প্রাচীন শিল্প। সে কারণে উৎপাদনের সময় সাপেক্ষতা খুবই স্বাভাবিক। ফলে অনেক ক্রেতাই জিনিষ না পেয়ে ফিরে চলে যায়। উক্ত শিল্পের কি কি সমস্যা রয়েছে জানতে চাইলে উনি জানালেন, কাঁচা মালের মূল্য বৃদ্ধি, মান্দ্রাতা আমলের উৎপাদন পদ্ধতি এবং ডিজাইনের সীমাবদ্ধতা।

গোপাল গোপাল মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানার নয়াপত্তন নিবাসী একজন বিশিষ্ট মনিপুরী তাঁতজাত পণ্যের ব্যবসায়ী। গ্রামের মহিলাদের দ্বারা উৎপাদিত শাড়ী, উরনা, শাল, বেড কভার, টেবিল রুথ, ব্যাগ ইত্যাদি পণ্যসামগ্রী সমগ্র বাংলাদেশব্যাপী বাজারজাত করেন। তিনি নিজে ব্যক্তিগত উদ্যোগে বিভিন্ন এলাকায় গিয়ে ক্রেতাদের সাথে সরাসরি সাক্ষাৎ করে ক্রেতাদের চাহিদা অনুযায়ী কাপড় সরবরাহ করেন। এভাবে উনি ক্রেতা ও উৎপাদনকারীদের মধ্যস্থতাকারী হিসেবে মনিপুরী তাঁত শিল্পের সাথে জড়িত। কিন্তু প্রতিষ্ঠানিকভাবে নিজের ব্যবসাকে পরিচালনা না করার জন্য আয় ব্যয় বিক্রির পরিমাণ, কোন পণ্য কি পরিমাণ বিক্রি হয় তা লিখিত হিসাব পাওয়া যায়নি। আনুমানিক একটা হিসাব করে উনি জানালেন যে, প্রতি মাসে এক লক্ষ থেকে দেড় লক্ষ টাকার কাপড় বিক্রি করেন। তাঁর মধ্যে শতকরা আঁশি ভাগ শাড়ী, দশ ভাগ উলের চাদর, পাঁচ ভাগ উরনা এবং বাকী পাঁচ ভাগ অন্যান্য সামগ্রী। তাছাড়া শীত মৌসুম এলে বিক্রির পরিমাণ বেড়ে গিয়ে দুই লাখের কাছাকাছি চলে যায়। কেননা তখন উলের চাদর বা শাল প্রচুর পরিমাণে বিক্রি হয়। তিনি জানালেন যে, বৃহত্তর সিলেটের বিভিন্ন শহরে ও চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, খুলনাসহ দেশের প্রায় সবকটি শহরে গিয়ে তিনি মনিপুরী তাঁতজাত পণ্য বিক্রি করেন। তার মধ্যে ঢাকা ও সিলেটেই বেশী পরিমাণে বিক্রি হয়। ঢাকার বিভিন্ন দোকানগুলোতেও তিনি সরবরাহ করে থাকেন। ক্রেতাদের অবস্থা বা শ্রেণী সম্পর্কে তিনি জানালেন যে অধিকাংশই মধ্যবিত্ত চাকুরীজীবী পরিবার। এছাড়াও উচ্চবিত্ত

ব্যবসায়ী পরিবারও রয়েছে, তবে তাদের সংখ্যা খুবই নগন্য। কিন্তু মনিপুরী তাঁতজাত পণ্যের উচ্চ মূল্যের কারণে নিম্ন মধ্যবিত্ত বা সর্ব সাধারণের হাতের নাগালের বাইরে রয়ে গেছে। উনি দৃঢ়তার সাথে বলেন যদি মনিপুরী তাঁতজাত পণ্যের দাম আরও কম হলে বিক্রির পরিমাণ প্রায় দ্বিগুণ হয়ে যেত। মনিপুরী তাঁতশিল্পের সমস্যা সম্পর্কে তিনিও একই অভিযোগ উত্থাপন করেন।

কমলগঞ্জ থানার অন্তর্গত চিংলিয়া একটি মনিপুরী অধ্যুষিত গ্রাম। এখানকার এক তাঁতী পরিবারের সাথে আলাপ হলো। স্বামী, স্ত্রী, দুই মেয়ে, এক ছেলে মোট পাঁচজনের সংসার। সংসারের বেশীর ভাগ আয় হয় তাঁত জাত পণ্য থেকে। স্বামী কাঠমিস্ত্রি। স্ত্রী ও দুই মেয়ে তাঁত শিল্পের সাথে জড়িত। ছেলেটি লেখাপড়া করতেছে। একজনের বয়স ২২ বছর এবং অপরজনের ১৭ বছর। দুই মেয়ে বছরের ৮/৯ মাস শাড়ী ও উরনা উৎপাদন করেন আর বাকী মাসগুলোতে ক্ষেতের কাজ করেন। তবে আস্তে আস্তে মনিপুরী তাঁত জাত পণ্যের ক্রমবর্ধমান চাহিদাতে প্রায় সারা বছরই কাজ পাচ্ছে ফলে এ বছর থেকে ক্ষেতের কাজ করা হয়তো আর প্রয়োজন হবে না। শীত মৌসুমে মেয়েদের সাথে পাল্লা দিয়ে মাও উলের চাদর উৎপাদনে নিয়োজিত হয়। তখন সমগ্র পরিবার তাঁত শিল্পের সাথে জড়িত হয় কেউ সুতা ববিনের কাজে, কেউ বাজার থেকে প্রয়োজনীয় কাঁচামাল কিনতেছে। উনারা জানালেন একটি শাড়ী উৎপাদন করতে গড়ে চারদিন সময় লাগে। আর উরনা প্রায় দেড়/দুই দিন লাগে। অন্যদিকে উলের চাদর একদিনে একটা উৎপাদন

হয়ে যায়। উৎপাদিত সামগ্রী কিভাবে বিক্রয় করেন এবং কোথা হতে কাঁচামাল ক্রয় করেন জানতে চাইলে উত্তরে বললেন যে, গ্রামের ব্যবসায়ী যারা বাইরে নিয়ে বিক্রি করেন তাদের কাছে বিক্রি করেন আর কাঁচামাল ক্রয় করেন স্থানীয় বাজার থেকে। তারা এও জানালেন যে, যে পরিমাণ মাসে উৎপাদন করতেছে তাতে তাদের সংসার খুব সহজে চলে যায়। আনুমানিক মাসিক আয় এই খাত থেকে দুই আড়াই হাজার টাকা হয়ে থাকে। তবে শীত মৌসুমে তিন হাজার এর উর্ধ্বেও চলে যায়। পূর্বে মনিপুরী তাঁত জাত পণ্যের চাহিদা ছিল না, তখন কিছু অর্ডারী উরনা, শাল ও বেড কভার বিক্রয় করে টিকে থাকতে হয়েছিল। অথচ বর্তমানে যতটুকু চাহিদা তার সবটুকু উৎপাদন করতে পারছেন না বলে জানালেন। কেননা যতটুকু অর্ডার আছে তার কিছু অংশ দিতে না পেরে অন্যান্য তাঁতীদের কাছে সেগুলো আবার তৈরী করতে দেন।

বর্তমানে মনিপুরী তাঁতীরা কি কি সমস্যার সম্মুখীন হয় এই প্রশ্নের উত্তরে বললেন কাঁচামালের অত্যধিক মূল্য, মান্দ্রাতা আমলের উৎপাদন পদ্ধতি, সীমিত বাজার ব্যবস্থা ইত্যাদি। মনিপুরী তাঁত শিল্পের আধুনিকীকরণ প্রয়োজন আছে কি না জানতে চাইলে তারা বললেন অবশ্যই আছে। কেননা বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে চলতে হলে অবশ্যই এই শিল্পেরও আধুনিকীকরণ করতে হবে।

‘মনিপুরী ট্যাডিশন্যাল হ্যাণ্ডলুম’ বিগত প্রায় দশ বছর ধরে মনিপুরী তাঁত জাত পণ্য উৎপাদন ও সরবরাহ করে আসছে। উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী ও পরিচালক এইচ

হৌরো, আরাবা অহিংগী অমম্বা কোজুনা
স্বাধিনতাগী নুমিৎ খোরক্লে মাঙদা
মরুপশিংগী থরায়না তওনা কৌরক্লে
য়াকায়ররে নঙগী থোঙজিনদা।

.....
থোঙ লোন্দুনা মঙ তমদুনা
তুমখিদরা তুম্খুম হুম।

ইরাবত (ঈশে)



একটি মনিপুরী তাঁতী পরিবার

গোপাল সিংহের সাথে মনিপুরী তাঁত শিল্পের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি প্রতিষ্ঠানটির উৎপাদন ও বাজার ব্যবস্থাপনা সম্পর্কেও জানার চেষ্টা করা হয়। তিনি জানালেন ১৯৮৬ সালের শেষের দিকে এই প্রতিষ্ঠানের জন্ম। প্রথমদিকে শুধুমাত্র গ্রামের কিছু মহিলাদেরকে সংগঠিত করে সূতা বিতরণ করে বাজারের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করেন। তখন শুধু কোমর লুমে উৎপাদন হতো। পরবর্তীতে বাজারে মনিপুরী তাঁত জাত পণ্যের ব্যাপক চাহিদা থাকতে ৬টি ফ্রেম লুম নিয়ে একটি ছোট কারখানা স্থাপন করেন। তাছাড়া পার্শ্ববর্তী গ্রামের মহিলাদের মধ্যেও দল গঠন করে প্রতিষ্ঠানের উৎপাদন বাড়ানো হয়। বর্তমানে কিছু মনিপুরী মুসলিম (পাঙল) মহিলারাও এই প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত রয়েছে। ঢাকার বিভিন্ন সরকারী, বেসরকারী ব্যক্তি মালিকানাধীন হস্তশিল্প বাজারজাতকারী প্রতিষ্ঠান এর কাছে মনিপুরী তাঁত জাত পণ্য সরবরাহ করছে। দেশীয় বাজার ছাড়াও আন্তর্জাতিক বাজারেও মনিপুরী তাঁতজাত পণ্য স্থান করে নিয়েছে। মনিপুরী

তাঁত শিল্পের সমস্যা সম্পর্কে বলতে গিয়ে উল্লেখ করেন যে, দু'এক বছর আগেও কোন ছেলে বা মেয়ে এই শিল্পকে পেশা হিসেবে গ্রহণ করতো না। শুধুমাত্র অবসর সময়ে কিংবা ঘরের কাজ কর্মের ফাঁকে ফাঁকে কিছু কিছু কাপড় বুনতেন। ফলে উৎপাদন হতো খুবই কম এবং গুণগতমান ছিল খুবই কম। কিন্তু বর্তমানে এই অবস্থার কিছু উন্নত হয়েছে। আস্তে আস্তে কিছু কিছু মনিপুরী মহিলা এই শিল্পকে পেশা হিসেবে গ্রহণ করেছে। তবে অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, বর্তমানেও পার্ট টাইম হিসেবে এই শিল্পের সাথে জড়িত। ফলে তাদের কাছ থেকে খুব বেশী আশা করা ঠিক নয়। এই সমস্যা ছাড়াও তিনি জানালেন যে, কাঁচামালের অপ্রতুলতা, মান্দাতা আমলের উৎপাদন প্রক্রিয়া, পুঁজির অভাব ইত্যাদি ইত্যাদি। এসব সমস্যার সমাধান সম্ভব নয় তা কিন্তু বলা যাবে না। সুপরিকল্পিতভাবে এসব সমস্যা সমাধান করা সম্ভব। মনিপুরী তাঁত শিল্পের সম্ভাবনা সম্পর্কে বলেন, এই শিল্পের সাথে জড়িত ব্যক্তিরা যদি সিরিয়াসভাবে কাজে অগ্রসর হয়ে থাকে তবে এর উজ্জ্বল সম্ভাবনা

রয়েছে। কেননা দিন দিন যেভাবে এর চাহিদা বাড়তেছে তাতে উৎপাদন পদ্ধতি ও বাজারজাত পদ্ধতি যদি আধুনিকীকরণ করা হয় তবে আন্তর্জাতিক ও আন্তর্জাতিক বাজারে অবশ্যই একটি নির্দিষ্ট স্থান দখল করবে।

পরিশেষে এটুকু বলা যায় যে, মনিপুরী তাঁত শিল্প হ্যাঁটি হ্যাঁটি পা পা করে আজ অনেক দূর এগিয়েছে। শৈশবকাল অতিক্রম করে কৈশোরে পদার্পন করতেছে। তাই এখনই সময় উপযুক্ত পরিচর্যা ও যত্ন নেওয়া। এই সময় যদি ঠিক মতো যত্ন নেওয়া হয় তবেই আগামীতে ফুলে ফুলে ভরে উঠবে। বাংলাদেশী মনিপুরীদের আর্থিক স্বচ্ছলতা আনয়নে, তাঁত শিল্প একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নতুন উৎপাদন পদ্ধতি, নতুন বাজারজাত পদ্ধতি মনিপুরী তাঁত শিল্পকে নিয়ে যাবে বিশ্ব বাজারে। হয়তো একদিন মনিপুরী নৃত্যের সাথে মনিপুরী তাঁতশিল্প খ্যাতি কুড়ে নিবে এবং সেদিন মনিপুরী জাতি সাংস্কৃতিক সমৃদ্ধির সাথে সাথে অর্থনৈতিকভাবেও সমৃদ্ধি অর্জন করবে। □



MOTHER AND CHILD
Courtesy : MISS. RAKHIMANI
Department of Fine Arts,
Chittagong University.